যুগান্তর

তারিখ 02 FEB 2016
পৃঃ 2-6 কলাম 2

# রূপগঞ্জে শিক্ষাপ্রতিষ্ঠানে হামলা ভাংচুর

**রূপগঞ্জ (নারায়ণগঞ্জ) প্রতিনিধি**

রূপগঞ্জে শিক্ষাপ্রতিষ্ঠানের মাঠে পানি প্রবেশের বাধা দেয়াকে কেন্দ্র করে স্থানীয় একটি পক্ষ ওই শিক্ষাপ্রতিষ্ঠানে হামলা, ভাংচুর ও লুটপাট চালিয়েছে বলে অভিযোগ পাওয়া গেছে। এ ঘটনায় শিক্ষাপ্রতিষ্ঠানের প্রধান শিক্ষককে লাঞ্ছিত করা হয়েছে। সোমবার দুপুরে উপজেলার গোলাকান্দাইল এলাকার এবি ইন্টারন্যাশনাল স্কুলে এ ঘটনা ঘটে। স্কুলের প্রধান শিক্ষক মোহাম্মদ পারভেজ জানান, গোলাকান্দাইল এলাকার মিন্নত আলী ও জিন্নত আলী নামে দুই ব্যক্তি একটি কৃষি জমিতে সেচ দেয়ার সময় এবি ইন্টারন্যাশনাল স্কুল মাঠে পানি প্রবেশ করে। পানি প্রবেশ করায় শিক্ষার্থীরা স্কুলে প্রবেশ করতে পারছে না। শিক্ষক পারভেজ পানি প্রবেশে বাধা দেন। এ সময় মিন্নত আলী ও জিন্নত আলীর সঙ্গে শিক্ষক পারভেজের বাকবিতণ্ডা হয়। একপর্যায়ে মিন্নত আলী, জিন্নত আলী, বাদল, কাজলসহ ৭-৮ জনের একদল লাঠিসোটা নিয়ে ওই শিক্ষাপ্রতিষ্ঠানে হামলা চালিয়ে আসবাবপত্র ভাংচুর করে ও ২৫ হাজার টাকা লুটে নেয়। এ সময় শিক্ষক পারভেজ প্রতিবাদ করায় তাকে মারধরসহ লাঞ্ছিত করা হয়। এ ব্যাপারে অভিযুক্তদের সঙ্গে যোগাযোগ করা হলে তারা তাদের বিরুদ্ধে আনীত অভিযোগ অস্বীকার করেন। এ ঘটনায় রূপগঞ্জ থানায় একটি অভিযোগ করা হয়েছে। রূপগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মাহমুদুল ইসলাম বলেন, তদন্ত সাপেক্ষে ব্যবস্থা গ্রহণ করা হবে।